দৈনিক সংবাদ

২৬/৭/২০০৩

তারিখ ……
পৃষ্ঠা ৭ … কলাম … ৩ ……

কুষ্টিয়া বিশ্ববিদ্যালয় কলেজ

# বঙ্গবন্ধুর ছবি ভাঙা নিয়ে সংঘর্ষ

## আহত ১২, কলেজ বন্ধ ঘোষণা

**কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে বঙ্গবন্ধুর ছবি ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে মঙ্গলবার ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সশস্ত্র সংঘর্ষে ১২ জন আহত হয়েছে।

ছাত্রদলের পক্ষ থেকে ছাত্রলীগের ২৭ জনকে আসামি করে থানায় মামলা করা হয়েছে।

কলেজ ছাত্র সংসদের 'অবনী' মিলনায়তনে রক্ষিত বঙ্গবন্ধুর ছবি ছাত্রদল ভাঙচুর করলে ছাত্রলীগের সাথে তাদের সংঘর্ষ বাধে।

খবর পেয়ে পুলিশ কলেজ ক্যাম্পাসে এসে ৪/৫ রাউন্ড কাঁদানে গ্যাস ও রাবার বুলেট ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে চেষ্টা করে।

সংঘর্ষে দুইটি ছাত্র সংগঠনেরই ১২ জন আহত হয়। আহতদের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় ছাত্রদল কলেজ শাখার যুগ্ম-আহ্বায়ক জাকারিয়াকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য **কুষ্টিয়া ঃ** পৃঃ ২ কঃ ৭

### কুষ্টিয়া ঃ কলেজ বন্ধ

(১ম পৃষ্ঠার পর)

আহতদের মধ্যে রয়েছে ছাত্রদলের সাংস্কৃতিক সম্পাদক মতিন, রানা, ছাত্রলীগের সাবেক জিএস কর্নেল, ক্রীড়া সম্পাদক লিপ্টন, সাহিত্য সম্পাদক তুহিন, রাসেল প্রমুখ।

এদিকে ছাত্রদল বঙ্গবন্ধুর ছবি ছোড়াকে অস্বীকার এবং এটি একটি উস্কানিমূলক ঘটনা বলে উল্লেখ করে।

কলেজ কর্তৃপক্ষ পরিস্থিতির অবনতির আশঙ্কায় কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। উভয় ছাত্র সংগঠনই ঘটনার নিন্দা জানিয়ে পৃথক বিবৃতি দিয়েছে, একে অন্যের প্রতি দোষারোপ